

উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় স্থায়ী কমিটির সভা

অধিবেশন নংঃ ১২

সময়ঃ ১১.০০ ঘটিকায়

তাংঃ ১৯/০৯/২০২১ খ্রিঃ

অধ্যকার সভা জনাব শর্মিলা রোজারিও মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্ব সভার কাজ আরম্ভ করা হয়। নিম্নোক্ত আলোচ্যসূচী মোতাবেক সভায় আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচীঃ

ক. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

খ. বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসা কর্তৃক সমিতি গঠন ও সমিতির কার্যক্রম সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গ. বিআরডিবি'র চলমান কার্যক্রমের অবস্থা ও খেলাপী ঋণ আদায় ও কোভিড-১৯ ঋণ বিতরণ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

ঘ. বিবিধ

আলোচ্যসূচী ক. সভায় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানোর পর তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

আলোচ্যসূচী খ. বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসা কর্তৃক সমিতি গঠন ও সমবায় কার্যক্রম সম্পর্কে আলোচনাঃ

আলোচ্যসূচীঃ সভায় উপজেলা সমবায় কর্মকর্তা বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসা যেভাবে সমিতি গঠন ও সমিতির কার্যক্রম করেছেন তা বিস্তারিত আলোচনা করেন এবং সে অনুযায়ী সমিতি গঠন ও সমিতির কার্যক্রম পরিচালনা করার প্রস্তাব উত্থাপন করেন। সমবায় বিভাগ সমবায়ীদের আত্মকর্মসংস্থান, আত্মনির্ভরশীল হওয়ার জন্য করোনাকালীন সময়ে সরকারী বিধি মান্য করে স্বল্প আকারে বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করেন। করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে সমবায়ীদের মাঝে পুরোদমে প্রশিক্ষণ কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম শুরু করা প্রস্তাব উত্থাপন করেন।

সিদ্ধান্তঃ- সর্বসম্মতিক্রমে সমবায় কর্মকর্তাকে করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের প্রস্তাব গৃহীত হয়।

আলোচ্যসূচী গ. বিআরডিবি'র চলমান কার্যক্রমের অবস্থা ও খেলাপী ঋণ আদায় সম্পর্কে আলোচনাঃ

আলোচ্যসূচীঃ সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জনাব ইসরাত জাহান জানান যে, বিআরডিবি'র বিভিন্ন উন্নয়ন মূলক কর্মসূচীর ঋণ আদায় এবং ঋণ বিতরণ কর্মকান্ড সঠিকভাবে চলছে। তবে বিশ্ব মহামারী করোনা ভাইরাসের কারণে দপ্তরের খেলাপী ঋণের পরিমাণ বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে ২০২১-২২ অর্থ বছরে করোনার কারণে লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ আদায় ও বিতরণ করা সম্ভব হচ্ছে না। খেলাপী ঋণ আদায়ের জন্য স্থানীয় চেয়ারম্যান- মেম্বার এর মাধ্যমে খেলাপী ঋণ আদায়ের পদক্ষেপ গ্রহণ ও খেলাপী নোটিশের মাধ্যমে খেলাপী আদায়ের প্রস্তাব পেশ করেন। বিআরডিবি'র মাধ্যমে মাননীয় প্রধান মন্ত্রী ঘোষিত কোভিড-১৯, প্রণোদনা পল্লী উদ্যোক্তা ঋণ করোনা কালীন সময়ে ১২ জন উদ্যোক্তার মাঝে ২৩.০০ লক্ষ টাকা তাদের পূর্ণরায় স্বাবলম্বী হওয়ার লক্ষ্যে সহজ শর্তে এই ঋণ বিতরণ করা হয়। করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে সমবায়ীদের মাঝে পুরোদমে ঋণ বিতরণ কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম শুরু করা হবে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম সন্তোষজনক।

সিদ্ধান্তঃ- সর্বসম্মতিক্রমে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার প্রস্তাব গৃহীত ও অনুমোদিত হয়।


(শর্মিলা রোজারিও)

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

পল্লী উন্নয়ন ও সমবায় কমিটি

উপজেলা পরিষদ কালীগঞ্জ, গাজীপুর।

স্মারক নংঃ ৪৭.৬২.৩৩.৩৪.০০০.১৮.০৪৮.১৭. ২৫৩

তারিখঃ ১৯/০৯/২০২১ খ্রিঃ

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, গাজীপুর।
- ৩। অফিস নথি।

৪৪/১৩/১৭/২১

ইসরাত জাহান

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
বিআরডিবি, কালীগঞ্জ, গাজীপুর।